46

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 11 1999
পৃষ্ঠা 7 কলাম 2......

# মাদ্রাসার মঞ্জুরি প্রত্যাহারের ও এমপিওভুক্তি বাতিলের নির্দেশ অবিলম্বে প্রত্যাহার করুন — জমিয়াতুল মোদার্রেছীন।

প্রেস বিজ্ঞপ্তি ঃ সম্প্রতি শিক্ষামন্ত্রণালয় থেকে প্রেরিত চিঠির মাধ্যমে যে সকল মাদ্রাসার মঞ্জুরি প্রত্যাহার ও এমপিওভুক্তি বাতিলের সিদ্ধান্ত জানানো হয়েছে অবিলম্বে ঐ নির্দেশ প্রত্যাহার করে সংশ্লিষ্ট মাদ্রাসাসমূহের মঞ্জুরি ও এমপিওভুক্তি বহালের ~~সিদ্ধান্ত~~ ঘোষণা করার জন্য বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের কেন্দ্রীয় নির্বাহী কমিটি প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর প্রতি

১৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## জমিয়াতুল মোদার্রেছীন

প্রথম পৃষ্ঠার পর

আবেদন জানিয়েছে। মহাখালীস্থ বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের কেন্দ্রীয় কার্যালয়ে গতকাল (১০ জুলাই শনিবার) জমিয়াত সভাপতি ,মাওলানা মান্নান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত জমিয়াতের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক এ আবেদন জানান হয়।

নির্বাহী কমিটির এ সভায় মাদ্রাসা শিক্ষার সমস্যা ও সংকট নিয়ে বক্তব্য রাখেন সভাপতি মাওলানা এম এ মান্নান, মহাসচিব মাওলানা এম এ লতীফ, যুগ্ম মহাসচিব মাওলানা রূহুল আমীন খান, মুফতী মাওলানা আঃ সাত্তার, মাওলানা মোহাম্মদ সালেহ, মাওলানা আবদুর রব খান, মাওলানা আমীনুল্লাহ, মাওলানা আবদুর রহমান বেলাশী, মাওলানা কামালুদ্দীন জাফরী, মাওলানা সেফাতউল্লাহ, মাওলানা মুসলিহ উদ্দীন (চট্টগ্রাম), মাওলানা শামসুল আলম চৌধুরী, মাওলানা শামসুদ্দীন, মাওলানা মোয্যামমিল হোসাইন, মাওলানা ওসমান গণি, মাওলানা ইউনুস, মাওলানা আবদুল বাতেন, মাওলানা নাইম সিদ্দীক (সিলেট), মাওলানা শফীউদ্দীন ভুঁইয়া, মাওলানা কফিলুদ্দীন, মাওলানা সাখাওয়াত হোসাইন প্রমুখ বিশিষ্ট সদস্যবৃন্দ।

বক্তাগণ বলেন, শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রেরিত মঞ্জুরি বাতিল ও এমপিওভুক্তি বাতিল সংক্রান্ত পত্রাদেশের সর্বস্তরের সকল মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের মধ্যে দারুণ উদ্বেগ ও চরম হতাশা ছড়িয়ে দিয়েছে। তারা মাদ্রাসা শিক্ষার ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত হয়ে পড়েছেন এবং ক্ষতিগ্রস্ত মাদ্রাসাসমূহের শিক্ষক ও কর্মচারীদের পরিবার-পরিজনের মাঝে মাতম শুরু হয়ে গেছে। এই নৈরাজ্য হতাশার অবসান ঘটিয়ে মাদ্রাসা শিক্ষাঙ্গনে নিরাপত্তা ও শিক্ষার স্বতঃস্ফূর্ত স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনা সরকারের দায়িত্ব। বক্তাগণ এই অমানবিক সিদ্ধান্ত বাতিল এবং আর যেন একটি মাদ্রাসাকেও এই নির্দেশের শিকার না বানানো হয়, তার জন্য সরকারের প্রতি আহবান জানান।

সভায় গৃহীত এক প্রস্তাবে স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাসমূহকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতায় রেখে সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসার অনুরূপ বেতন স্কেল প্রদান, এবতেদায়ী মাদ্রাসার ছাত্রদের মাদ্রাসা শিক্ষা বোর্ড অনুমোদিত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ বিনামূল্যে প্রদানের দাবী জানানো হয়।

অপর এক প্রস্তাবে দরসে নেযামী মাদ্রাসার ছাত্র ও শিক্ষকবৃন্দের নানাভাবে হয়রানি করায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয় এবং গ্রেফতারকৃত সকল ছাত্র-শিক্ষককে বিনাশর্তে মুক্তি দিয়ে ঐ মাদ্রাসা শিক্ষাঙ্গনে স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার জন্য সরকারের প্রতি দাবী জানানো হয়।